গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: **১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১** বঙ্গাব্দ/ **২৯ মে, ২০২৪** খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ১৭১-আইন/২০২৪/২৩/কাস্টমস**।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নের TABLE এ উল্লিখিত পণ্যসমূহকে উহাদের উপর আরোপণীয় উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস শুল্ক (Customs Duty) যে পরিমাণ মূল্যভিত্তিক ১% (এক শতাংশ) এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ এবং সমুদয় মূল্য সংযোজন কর হইতে নিম্নবর্ণিত শর্তাধীনে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**TABLE**

| Heading | H.S.Code | Description of goods |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 84.07 | 8407.90.90 | Other engines of spark-ignition reciprocating or rotary internal combustion piston engines. |
| 84.08 | 8408.90.90 | Other engines of Compression-ignition internal combustion piston engines (diesel or semi-diesel engines). |
| 85.01 | 8501.61.00 | AC generators (alternators) : Of an output not exceeding 75 KVA |
| | 8501.62.00 | AC generators (alternators) : Of an output exceeding 75 KVA but not exceeding 375 KVA |
| | 8501.63.00 | AC generators (alternators) : Of an output exceeding 375 KVA but not exceeding 750 KVA |
| | 8501.64.00 | AC generators (alternators) : Of an output exceeding 750 KVA |

**<u>শর্তাবলি</u>**

(১) আমদানিকারক প্রতিষ্ঠানকে অবশ্যই Industrial IRC holder VAT compliant Generator উৎপাদনকারী অথবা Generator Assembling প্রতিষ্ঠান হইতে হইবে;

**ব্যাখ্যা:**

(অ) "Industrial IRC holder" অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি রহিয়াছে;

(আ) "VAT compliant" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর অধীন নিবন্ধিত নিয়মিত দাখিলপত্র (রিটার্ন) দাখিল করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান;

(২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সংবলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো ধরনের দৈব-দুর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে;

(৩) আমদানিকারক প্রতিষ্ঠানকে বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত স্থানীয়ভাবে Generator প্রস্তুতকারী অথবা Generator Assembling প্রতিষ্ঠান হইতে হইবে;

(৪) আমদানিকৃত মালামালের পরিমাণ ও ব্যবহার নিশ্চিতকল্পে পণ্যচালান শুল্কায়ন তথা খালাসকালে আমদানিকারক প্রতিষ্ঠানকে অত্র প্রজ্ঞাপনের **পরিশিষ্ট-১** অনুযায়ী স্থানীয় কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় কার্যালয় কর্তৃক এবং **পরিশিষ্ট-২** অনুযায়ী এলসি ইস্যুকারী ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর বরাবর দাখিল করিতে হইবে;

(৫) Registered Generator প্রস্তুতকারী অথবা Generator Assembling প্রতিষ্ঠান কর্তৃক **পরিশিষ্ট-৩** অনুযায়ী যথাযথ মূল্যমানের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা প্রদান করিতে হইবে।

(৬) পণ্য খালাস হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে স্থানীয় কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ হইতে **পরিশিষ্ট-৪** অনুযায়ী একটি প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস বরাবরে দাখিল করিতে হইবে;

(৭) শর্ত (৫) অনুযায়ী প্রদত্ত অঙ্গীকার লঙ্ঘিত হইয়াছে মর্মে প্রমাণিত হইলে, আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশের উপর প্রযোজ্য সমুদয় শুল্ক ও কর মাসিক ৫% (পাঁচ শতাংশ) সুদসহ আদায়যোগ্য হইবে।

২। ২ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৩৫-আইন/২০২২/৮৩/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**পরিশিষ্ট-১**

**[শর্ত (৪) দ্রষ্টব্য]**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ**
**............................**
**প্রত্যয়নপত্র**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স ............................... (আমদানিকারকের সম্পূর্ণ ঠিকানা) বিনিয়োগ বোর্ড ও ভ্যাট বিভাগীয় দপ্তর কর্তৃক Generator Assembling Plant হিসাবে নিবন্ধিত একটি প্রতিষ্ঠান (যাহার নিবন্ধন নম্বর ................. ও ..................), যাহা Generator Assembling সংক্রান্ত কাজে নিয়োজিত। এই শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র নং ....................... তারিখ: ................ ইনভয়েস নং .................. তারিখ: ................. বি,এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং ............................ তারিখ: .................. এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ উক্ত প্রতিষ্ঠানের উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত হইবে মর্মে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাঁহাদের আবেদনে জানাইয়াছেন। সরেজমিন পরিদর্শন করিয়া প্রতিষ্ঠানের অবস্থান, মালিকানা সংক্রান্ত দলিলাদি ও কার্যক্রম যথাযথ মর্মে দেখা গিয়াছে।

স্বাক্ষর:

তারিখ:

( মূসক বিভাগীয় কর্মকর্তার
নাম ও পদবী সংক্রান্ত সীল )

## পরিশিষ্ট-২

**[শর্ত (৪) দ্রষ্টব্য]**

**প্রত্যয়ন পত্র**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, জনাব/মেসার্স ............................ এর স্বত্বাধিকারী .................................... এই ব্যাংকের একজন সম্মানিত গ্রাহক। তিনি ...................................... বৎসর যাবত এই ব্যাংকের সহিত নিয়মিত আর্থিক লেনদেন করিতেছেন। তাহার লেনদেন কার্যক্রম সন্তোষজনক।

জনাব/মেসার্স ............................................... কর্তৃক ....................... নং বিল অব লেডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্টে আমদানিকৃত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ Generator Assembling সংক্রান্ত কাজে ব্যবহৃত হইবে।

তারিখ:

নাম:
পদবী:
সীল:

## পরিশিষ্ট-৩

**[শর্ত (৫) দ্রষ্টব্য]**

**অঙ্গীকারনামা**

আমি .............................. (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ----------- -------------------------------------------------------------- (প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, ঋণপত্র নং ----------------------- তারিখ: ------------ ইনভয়েস নং --------------------- তারিখ: ---------------- বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং -------------- তারিখঃ ---------------- এর মাধ্যমে আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও উপকরণ উল্লিখিত প্রতিষ্ঠানের নিজস্ব Plant-এ Generator Assembling সংক্রান্ত কাজে ব্যবহার করিব।

শুল্ক বা স্থানীয় মূল্য সংযোজন কর কর্তৃপক্ষের নিকট অভিযোগ বা তদন্তের ভিত্তিতে যদি প্রমাণিত হয় যে, আমদানিকৃত মালামাল সম্পূর্ণরূপে Assembling এর জন্য ব্যবহৃত হয় নাই, তাহা হইলে আমদানিকৃত সমুদয় মালামালের উপর প্রযোজ্য শুল্ক ও অন্যান্য কর এবং প্রযোজ্য ক্ষেত্রে সুদ ও জরিমানা সহ সকল দাবি পরিশোধ করিতে বাধ্য থাকিব। এ ছাড়াও কাস্টমস আইন, ২০২৩ (২০১২ সনের ৪৭ নং আইন) এর অধীন কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত অন্য যেকোনো শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিব।

স্বাক্ষর: .......................................................

তারিখ:

মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম: ....................
প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: ................................

**<u>পরিশিষ্ট-৪</u>**
**[শর্ত (৬) দ্রষ্টব্য]**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ**
**............................**
**<u>প্রত্যয়নপত্র</u>**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স ............................... (আমদানিকারকের সম্পূর্ণ ঠিকানা) বিনিয়োগ বোর্ড ও ভ্যাট বিভাগীয় দপ্তর কর্তৃক Generator Assembling Plant হিসাবে নিবন্ধিত একটি প্রতিষ্ঠান (যাহার নিবন্ধন নম্বর ..................... ও ...................), যাহা সরেজমিন পরিদর্শনকালে দেখা গিয়াছে যে, আলোচ্য প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র নং .............................. তারিখ: ................. ইনভয়েস নং ............ ............................ তারিখ: ................... বি,এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং .................. তারিখ: ................... এর বিপরীতে আমদানিকৃত ........... ও অন্যান্য যন্ত্রপাতি প্রতিষ্ঠানের ক্রয় রেজিষ্টারে যথাযথভাবে এন্ট্রি করা হইয়াছে। উৎপাদনকালে উক্ত পণ্যসামগ্রী যথাযথভাবে ব্যবহৃত হইতেছে কি না তা পরবর্তীতে মনিটর করা হইবে।

স্বাক্ষর:
তারিখ:
( মূসক বিভাগীয় কর্মকর্তার
নাম ও পদবি সংক্রান্ত সীল )

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**